

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৭২৪

১/ বিবিধ

আরবী

اللهم إنك سألتنا من أنفسنا ما لا نملكه إلا بك، اللهم فأعطنا منها ما يرضيك عنا
ضعيف جدا

أخرجه تمام في " الفوائد " (12 / 223 / 1) من طريق دلهاث بن جبیر: حدثنا الوليد بن مسلم: أنبأ الأوزاعي عن عطاء بن أبي رباح عن أبي هريرة قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جدا، دلهاث هذا، قال الأزدي: " ضعيف جدا ". والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية ابن عساكر فقط! واستدرك عليه المناوي المستغفري في " الدعوات "، وقال: " قال المصنف: وهذا الحديث متواتر " ! وأنا أظن أن هذا خطأ مطبعي، وأن محله في غير هذا الحديث. فإنه ليس له طريق أخرى، فضلا عن أن يكون متواترا!! ولم ترد هذه العبارة في " الجامع الكبير " (544 - 9794)

বাংলা

১৭২৪। হে আল্লাহ্! তুমি আমাদের থেকে এমন কিছু চাচ্ছ যার মালিক আমরা নই বরং একমাত্র তুমিই। হে আল্লাহ্! তুমি আমাদেরকে তা থেকে তাই দান কর যা তোমাকে আমাদের পক্ষ হতে সম্ভষ্ট করবে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে তাম্মাম “আলফাওয়াইদ” গ্রন্থে (১২/২২৩/২) দালহাস ইবনু জুবায়ের হতে, তিনি অলীদ ইবনু মুসলিম হতে, তিনি আওয়াঈ হতে, তিনি আতা ইবনু আবু রাবাহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। বর্ণনাকারী এ দালহাস সম্পর্কে আযদী বলেনঃ তিনি খুবই দুর্বল।

হাদীসটিকে সুযুতী “আলজামেউস সাগীর” গ্রন্থে শুধুমাত্র ইবনু আসাকিরের বর্ণনায় উল্লেখ করেছেন।

আর মানবী “আদদাওয়াত” গ্রন্থে বলেনঃ মুসাননিফ (সুযুতী) বলেনঃ এটি মুতাওয়াতির হাদীস! আমি ধারণা করছি যে, এটি ছাপার ভুল। মুতাওয়াতির শব্দটি অন্য হাদীসের সাথে সম্পৃক্ত। কারণ এর অন্য কোন সূত্র নেই। কিভাবে মুতাওয়াতির হয়!! আর এ ভাষা “আলজামেউল কাবীর” গ্রন্থে (৫৪৪-৯৭৯৪) আসেনি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72607>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন